গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-৯৯০-বিচার-৩/২এম-১৪/৮৮(অংশ)

তারিখঃ- ১৬ অগ্রাহায়ণ, ১৪২৪বঙ্গাব্দ।
৩০ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নিম্নবর্ণিত অতিরিক্ত মহানগর দায়রা জজ-কে ২০১৭ সালের ০২ ডিসেম্বর হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত দেওয়ানী আদালতের অবকাশকালীন সময়ে তাঁর নামের বিপরীতে উল্লিখিত অধিক্ষেত্রে (সংশ্লিষ্ট জেলার মহানগর দায়রা জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, পরিবেশ আপীল আদালত ও সাইবার ট্রাইব্যুনালসহ) জরুরী ফৌজদারী মামলা সমূহ গ্রহণ এবং উহা হতে উদ্ভুত জরুরী বিষয় সমূহ শুনানী ও নিষ্পত্তি করার জন্য অবকাশকালীন জজ নিয়োগ করা হলো ঃ

| ক্রমিক নং | নাম,পদবী, বর্তমান কর্মস্থল ও নিবাস | অধিক্ষেত্র জেলা |
|---|---|---|
| ১। | জনাব মোঃ আল-মামুন<br>অতিরিক্ত মহানগর দায়রা জজ, ঢাকা। | ঢাকা (মহানগর) |

২। উল্লিখিত কর্মকর্তা-কে উক্ত অবকাশ কালীন সময়ে ফৌজদারী কার্যবিধির ৪৩৫ ধারার অধীন পুনর্বিবেচনার দরখাস্ত ব্যতীত সকল ফৌজদারী দরখাস্ত ও মামলা গ্রহণ এবং নিষ্পত্তি করার জন্য ফৌজদারী কার্যবিধির ১৯৩(২) ধারার অধীন ক্ষমতা প্রদান করণ এবং তাঁকে উক্ত অবকাশ কালীন সময় তাঁর নামের পার্শ্বে বর্ণিত অধিক্ষেত্রের সদর দপ্তরে আসন গ্রহণ করার জন্য ফৌজদারী কার্যবিধির ৯(৪) ধারার ক্ষমতা প্রদান করা হলো।

৩। উক্ত বিচারককে অবকাশকালীন সময়ে শিশু আইন-২০১৩ এর আওতায় গঠিত শিশু আদালতের কার্যক্রম পরিচালনা করার ক্ষমতা প্রদান করা হলো।

৪। তিনি সরকারী গাড়ী ব্যবহারের প্রাধিকার পাবেন। সরকারী গাড়ী ব্যবহার করলে টি/এ প্রাপ্ত হবেন না।

৫। এতদ্বারা ঢাকার অতিরিক্ত মহানগর দায়রা জজ জনাব আবু সালেহ মোঃ সালাউদ্দিন খাঁ-কে অবকাশকালীন জজের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

স্বাঃ-
( মোঃ মাহবুবার রহমান সরকার )
উপ-সচিব(প্রশাসন-১)
ফোন-৯৫৪০৮৮৬।

নং-৯৯০/১(২২)-বিচার-৩/২এম-১৪/৮৮(অংশ)

তারিখঃ- ১৬ অগ্রাহায়ণ, ১৪২৪বঙ্গাব্দ।
৩০ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। মহানগর দায়রা জজ,
প্রশাসনিক কারণে মহানগর দায়রা জজের কার, টেলিফোন ও অফিস চেম্বার ব্যবহারের নিমিত্ত উল্লিখিত কর্মকর্তা-কে বিশেষ সুযোগ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৩। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
৪। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইব্যুনাল/বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০, ঢাকা।
৫। বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ঢাকা।
৬। বিচারক, পরিবেশ আপীল আদালত, ঢাকা/বিচারক, পরিবেশ আদালত, ঢাকা।
৭। বিচারক, সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা / স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটি এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
৮। জনাব মোঃ আল-মামুন, অতিরিক্ত মহানগর দায়রা জজ, ঢাকা।
৯। জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা।
১০। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা।
১১। পুলিশ সুপার, ঢাকা।
১২। বিজ্ঞ পি,পি, মহানগর দায়রা জজ আদালত, ঢাকা।
১৩। ডি,সি, (প্রসিকিউশন), ঢাকা।
১৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৫। সিনিয়র সহকারী সচিব,১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
**উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করিতে অনুরোধ করা হলো।**
২০। বিশেষ পি, পি .....(সকল), ঢাকা।
২১। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, মেট্রোপলিটন বার এসোসিয়েশন, ঢাকা।
২২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ।( অত্র বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৩০/১১/২০১৭
(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১।